# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১০৫. সফর অবস্থায় কোন কোন সালাত একত্রে জমা করে আদায় করা যায়?

এগুলো হলো যোহর ও আসর একত্রে এবং মাগরিব ও এশা একত্রে। এর বাইরে অন্য কোন দুই সালাত একত্রে জমা করে পড়া জায়েয নেই। যেমন- আসরের সাথে মাগরিব পড়া যাবে না এবং এশার সাথে ফজর বা ফজরের সাথে যোহর একত্রে পড়া জায়েয নেই। শুক্রবারে জুমু'আর সাথেও আসর পড়া যাবে না। (শরহুল মুমতে)

(ক) ইবনে আব্বাস (রা.) বলেছেন, সফরে দ্রুত পথ চলার সময় রাসূলুল্লাহ (স.) যোহর ও আসরের সালাত একসাথে পড়তেন এবং মাগরিব ও এশার সালাত একসাথে পড়তেন। (বুখারী: ১১০৭) অর্থাৎ, যোহরের সালাম ফেরানো শেষ হলেই আবার সে সময়ই আসর পড়ে ফেলতেন এবং একইভাবেই মাগরিব শেষ করেই একই সময়ে এশাও পড়ে ফেলতেন।

(খ) অপর সাহাবী ইবনে উমর (রা.) বলেছেন, নবী (স.) দ্রুত সফর করতেন, আর তখন মাগরিব ও এশা একত্রে আদায় করতেন। (বুখারী: ১১০৬)

(গ) আনাস (রা.) বলেছেন, নবী (স.) সফর অবস্থায় মাগরিব ও এশার সালাত একত্রে পড়তেন। (বুখারী: ১১০৮) জমা করার ক্ষেত্রে দুই নামাযের আযান একবার, আর ইকামাত দুইবার। কিন্তু এ দুয়ের মাঝে কোন সুন্নাত-নফল পড়া যাবে না। কেউ যদি জমা না করে শুধু কসর করে বা কসর না করে শুধু জমা করে তবে তা জায়েয (মাজাল্লাতুল বুহুস আল-ইসলামিয়া- ১২/৮৮)। জমা করার ক্ষেত্রে যোহর পড়েই আসর শুরু করতে হবে। এ দুই সালাতের মধ্যে সময়ের ব্যবধান বেশি থাকতে পারবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12991

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন